



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

নং পসব্য/প্রকা/পরি-০৭/২০১৬-১৭/৩৩২

তারিখ : ০৫.১২.২০১৬খ্রি

বিষয় : পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক জারীকৃত নীতিমালা অনুসরণ সম্পর্কিত পরিপত্র।

উপরোক্ত বিষয়ে নির্দেশক্রমে পল্লী সঞ্চয় ব্যাংকের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পল্লী সঞ্চয় ব্যাংক থেকে মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পালনের জন্য সঞ্চয় নীতিমালা, ঋণ নীতিমালা এবং শাখা ব্যবস্থাপনা নীতিমালা ইতোমধ্যে জারী করা হয়েছে। তা'ছাড়া প্রকল্প প্রস্তাব, ঋণ আবেদন ও অনুমোদন পত্র এবং পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবহারযোগ্য বিভিন্ন প্রকার ফরম (১০ প্রকার) প্রণয়নপূর্বক মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

০২। পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ৬ ধারা অনুযায়ী একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় এ পর্যন্ত গঠিত সকল সমিতি পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ারহোল্ডার হিসেবে স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধিত হয়েছে। এসব সমিতিকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক বিধিবদ্ধ সমিতি হিসেবে নিবন্ধনের জন্য প্রয়োজনীয় বিধি ও উপ-বিধি প্রণীত হচ্ছে। কাজেই একটি বাড়ি একটি খামার প্রকল্পের সমিতিসমূহ পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ারহোল্ডার সমিতি হিসেবে নিবন্ধিত বিধায় উক্ত সমিতিসমূহের সদস্যবৃন্দের সঞ্চয়, ঋণ প্রদান এবং অন্যান্য সংশ্লিষ্ট সকল কার্যক্রমে পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক জারীকৃত উক্ত নীতিমালাসমূহ এবং জারীকৃত ফরমসমূহ প্রযোজ্য হবে। মাঠ পর্যায়ে ঋণ অনুমোদনের ক্ষেত্রে কোন কোন শাখায় পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক জারীকৃত ঋণ প্রস্তাব, ঋণ আবেদন ও অনুমোদনপত্র ব্যবহারের ক্ষেত্রে কিছু জটিলতা হচ্ছে বলে তথ্য পাওয়া যাচ্ছে। বিষয়টি জারীকৃত বিধি-বিধান ও নীতিমালা অনুযায়ী নিষ্পন্ন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হলো।

০৩। পল্লী সঞ্চয় ব্যাংকের মাঠ পর্যায়ের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও কার্যক্রম বৃদ্ধির প্রয়োজনে স্ব স্ব উদ্যোগে প্রয়োজনীয় জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মুজিব উদ্দীন)

উপব্যবস্থাপনা পরিচালক

পল্লী সঞ্চয় ব্যাংক

ফোনঃ ৯৩৫০৭৫২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, -----জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা।
- ৬। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ৭। শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে), পল্লী সঞ্চয় ব্যাংক, -----শাখা।
- ৮। নথি।